

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১২, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ : ২৫ মাঘ ১৪২৯/০৮ ফেব্রুয়ারি ২০২৩

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৩৮।—ভোটার তালিকা হালনাগাদ ২০২২ এর সংশোধনকারী কর্তৃপক্ষ নিয়োগ উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৮ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ/১৩ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ তারিখে জারীকৃত এবং ডিসেম্বর ১৩, ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত উক্ত সচিবালয়ের নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৫৬৫ নম্বর স্মারক সম্বলিত প্রজ্ঞাপনে নিম্নে বর্ণিত সংশোধনী আনয়ন করা হইল :

“গেজেটের ১৯০০৬ নং পৃষ্ঠায় কুমিল্লা অঞ্চলের ৩৪নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত কর্মকর্তা “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-১ কুমিল্লা” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা ও নাসিরনগর উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে।

“গেজেটের ১৯০০৭ নং পৃষ্ঠায় কুমিল্লা অঞ্চলের ৩৫নং ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “জেলা নির্বাচন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া” এর ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে “এবং নবীনগর উপজেলা ও আখাউড়া উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা” শব্দসমূহ সংযোজিত হইবে এবং একই ক্রমিকের ৪নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসাবে নিয়োগকৃত “অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২ কুমিল্লা” এবং ৫নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হিসাবে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন চৌধুরী
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২০৯৫)

মূল্য : টাকা ৪.০০